# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

নং ৯৯/স্বী/কিশোর/৯৯/ ১২৪৫ তারিখ ৩/৬/৯৯

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক।

প্রাপক : প্রধান শিক্ষক/শিক্ষিকা

প্রস্তাবিত বড়িবাড়ী উচ্চ বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর বাদলা থানা ইটনা জেলা কিশোরগঞ্জ

বিষয় : নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান প্রসংগে।

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে আদিষ্ট হইয়া জানানো যাইতেছে যে উক্ত বিদ্যালয়ে নবম শ্রেণী খোলার লক্ষ্যে মৌলিক শর্তাবলী পুরণ করায় প্রচলিত সাধারন শর্তে নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদনসহ ১-১-৯৯ইং তারিখ হইতে মানবিক শাখায় নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান করা হইল।

১। **আবশ্যিক বিষয়সমূহ :** (ক) বাংলা, (খ) ইংরেজী, (গ) গণিত (ঘ) ধর্ম শিক্ষা, (ঙ) সাধারণ বিজ্ঞান,

২। **নৈর্বাচনিক বিষয়সমূহ :** পাঠ্যক্রম অনুযায়ী
যে কোন ৩টি

৩। **ঐচ্ছিক বিষয় :** —ঐ—
যে কোন ১টি

## শর্তসমূহ :—

১। নবম শ্রেণী খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ৩ (তিন) বছরের জন্য পাঠদানের অনুমতি বলিয়া গণ্য করিতে হইবে। কোন অবস্থাতেই ইহাকে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাইবেনা।

২। পত্র পাওয়ার ত্রিশদিনের মধ্যে বিদ্যালয়ের জন্য বিধি মোতাবেক একটি এডহক কমিটি গঠনের প্রস্তাব বোর্ডে পাঠাইতে হইবে।

৩। বিদ্যালয়ের নামে রেজিঃকৃত সমস্ত জমির জমা খারিজ করিয়া রীতিমত খাজনা পরিশোধ করিতে হইবে।

৪। বিদ্যালয়ের সামনের মাঠ মাটি দিয়া ভরাট করিতে হইবে।

৫। স্নাতক পাশ শিক্ষকগণকে পর্যায়ক্রমে বি.এড. প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

৬। বিধি মোতাবেক একজন সহকারী প্রধান শিক্ষক এবং প্রশিক্ষণ প্রাপ্ত একজন শরীর চর্চা শিক্ষক নিয়োগ করিতে হইবে।

৭। পাঠাগারের জন্য আরও ৫,০০০/০০ টাকার পুস্তক ক্রয় করিয়া ইস্যু রেজিষ্টারের মাধ্যমে রীতিমত বিতরণ করিতে হইবে।

৮। বিদ্যালয়ের খালি জায়গায় মূল্যবান বৃক্ষ রোপন করিয়া সংরক্ষণের ব্যবস্থা করিতে হইবে।

৯। নবম'৯৯ শ্রেণীতে ভর্তিকৃত ৩০ জন ছাত্র/ছাত্রীর রেজিষ্ট্রেশনের ব্যাপারে অত্র বোর্ডের রেজিঃ শাখার সাথে জরুরী ভিত্তিতে যোগাযোগ করিতে হইবে।